ক্রোড়পত্র

# ৯ম বার্ষিক সাধারণ সভা

## ডেসটিনি-২০০০ লিমিটেড

### অর্থবছর ঃ ২০০৮-২০০৯

## আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে বেকারমুক্ত আলোকিত বাংলাদেশ আমরা গড়ব

### শুভেচ্ছা বাণী



লে. জেনা. এম হারুন-অর-রশিদ বীরপ্রতীক (অব.)
প্রেসিডেন্ট, ডেসটিনি গ্রুপ

ডেসটিনি-২০০০ লিমিটেডের ৯ম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে কোম্পানি ও সংশ্লিষ্ট সবাইকে আমি আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছি। আপনারা সকলেই অবগত আছেন যে, দেশের অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতির অবসান ঘটিয়ে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে দেশে একটি গণতান্ত্রিক সরকারের আগমন ঘটে। অনেক প্রতিকূল পরিস্থিতির মধ্যেও ডেসটিনি-২০০০ লিমিটেডের পরিচালকমণ্ডলীর নিরলস প্রচেষ্টা, অক্লান্ত পরিশ্রম, নিপুণ বিচক্ষণতা ও বুদ্ধিদীপ্ত পরিচালনায় কোম্পানি সফলভাবে ২০০৮-২০০৯ অর্থ বছর সমাপ্ত করে। ব্যাপক অর্থনৈতিক মন্দার মাঝেও ডেসটিনি-২০০০ লিঃ বাংলাদেশের ইতিহাসে মাল্টিলেভেল মার্কেটিং (MLM)-কে বাণিজ্যিক ভিত্তিতে সাফল্যের এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। আশা করি উপস্থাপিত প্রতিবেদন থেকে আপনারা আমার বক্তব্যের সারমর্ম বুঝতে পারবেন। আমি কোম্পানির ব্যবসায়িক সাফল্য ও উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ডেসটিনি-২০০০ লিঃ ব্যবসায়িক কর্মকাণ্ডের পাশাপাশি দেশের প্রাকৃতিক দুর্যোগে সরকার ও ক্ষতিগ্রস্ত মানুষের জন্য আর্তমানবতার সেবায় সাহায্যের হাত বাড়িয়ে সামাজিক দায়িত্ব পালন করে যাচ্ছে, অন্যদিকে দেশের ব্যাপক বেকার জনগোষ্ঠীকে কর্মসংস্থানের ব্যবস্থা করছে।

আমি কোম্পানির সম্মানিত গ্রাহক, সরবরাহকারী, শেয়ারহোল্ডার এবং আইন প্রয়োগকারী সংস্থাকে তাঁদের আস্থা, মূল্যবান সমর্থন ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই।

পরিশেষে সকলের মঙ্গল ও সুস্বাস্থ্য কামনা করছি। আল্লাহ হাফেজ।

লে. জেনা. এম হারুন-অর-রশিদ বীরপ্রতীক (অব.)
প্রেসিডেন্ট, ডেসটিনি গ্রুপ

২৩ ডিসেম্বর ২০০৯

### একনজরে ডেসটিনি-২০০০ লি.

| | | |
|---|---|---|
| ব্যবসার ধরন | ঃ | মাল্টিলেভেল মার্কেটিং / ডিরেক্ট সেলিং সিস্টেম |
| রেজিস্ট্রেশন তারিখ | ঃ | ১৪ই ডিসেম্বর ২০০০ (জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস) |
| রেজিস্ট্রেশন নং | ঃ | সি-৪২০৭৫ (১৪৩৪)/২০০০. |
| ট্রেড লাইসেন্স নং | ঃ | ১২২৭, ঢাকা সিটি করপোরেশন, এরিয়া- ৩৬ |
| ইস্যু তারিখ | ঃ | ০৩/০১/২০০১ |
| ট্যাক্স আইডেন্টিফিকেশন (টিন) নং | ঃ | ১৪১২০০৯১৯৬, ট্যাক্স এরিয়া-০৪, ঢাকা (উত্তর) |
| ভ্যাট রেজিস্ট্রেশন নং | ঃ | ৯০২১০৫৭৪৭৪ |
| মেম্বারশিপ | ঃ | ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) রেজিস্ট্রেশন নং-১০৭৫৬, তারিখ : ১১/১১/২০০১ |
| মোট ডিস্ট্রিবিউটর সংখ্যা | ঃ | ২৫ লক্ষ (২.৫ মিলিয়ন) |
| বিভাগীয় অফিস | ঃ | ৬টি |
| ব্রাঞ্চ অফিস | ঃ | ১৪০টি |
| সহযোগী ব্যবসা প্রতিষ্ঠান | ঃ | ১৫ টি |
| রেজিস্টার্ড অফিস | ঃ | ৩৮ ইনার সার্কুলার (ভিআইপি) রোড কাকরাইল, ঢাকা, বাংলাদেশ। |
| প্রধান কার্যালয় | ঃ | জাতীয় স্কাউট ভবন (৯ম তলা) ৭০/১, ইনার সার্কুলার (ভিআইপি) রোড, কাকরাইল ঢাকা, বাংলাদেশ। |

Phone : +880-2-8313016, 9359131, 9362905-6
Fax : +880-2-8322439
E-Mail : info@destiny-2000.com
Web : www.destiny-2000.com

### চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য



মোহাম্মদ হোসাইন
চেয়ারম্যান

সম্মানিত শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ
আসসালামুআলাইকুম

ডেসটিনি-২০০০ লিমিটেডের ৯ম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে আপনাদের জানাই আন্তরিক মোবারকবাদ। মাত্র ৯ বছরে ডেসটিনি-২০০০ লিমিটেড সব বাধাবিপত্তি উপেক্ষা করে আপনাদের সক্রিয় অংশগ্রহণ, গঠনমূলক সমালোচনা, দিক-নির্দেশনা ও পরামর্শে ক্রমবর্ধমান উন্নতির দিকে অগ্রসর হচ্ছে। ফলে কোম্পানি পেয়েছে প্রত্যাশিত সাফল্য ও ব্যাপক জনপ্রিয়তা। কোম্পানির গতিশীল নেতৃত্ব বেকারমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে আগামী ২০১২ সালের মধ্যে ১ কোটি লোকের আত্মকর্মসংস্থানের সুযোগ করতে পারবে। ইনশাল্লাহ। কোম্পানির ব্যবসা সম্প্রসারণ ও অর্জিত সাফল্য অক্ষুণ্ন রাখার জন্য কোম্পানিতে অনেক যোগ্য লোককে নিয়োগ দেয়া হয়েছে। দক্ষতার সঙ্গে পরিচালনা, ব্যয় নিয়ন্ত্রণ, বিপণন ও বিক্রয় খরচ হ্রাস এবং বিক্রয় বৃদ্ধি ও দক্ষতাপূর্ণ সুষ্ঠু ব্যবস্থাপনাই কোম্পানিকে আজকের অবস্থানে আনতে সক্ষম হয়েছে।

বাংলাদেশের প্রায় সব ব্যবসা প্রতিষ্ঠানই আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতায় চলতি মূলধনের সংস্থান করে থাকে। কিন্তু আমরা ব্যবসায়িক টার্নওভার ও তারল্যকে সুচিন্তিতভাবে কাজে লাগিয়ে কোম্পানির চলতি মূলধনের ব্যবস্থা করেছি এবং কোম্পানি কখনোই আর্থিক সংকটের সম্মুখীন হয়নি। ফলে আয়কর পরিশোধ, কোম্পানি পরিচালনা ব্যয় এবং শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদানের পরও আমরা কোম্পানির সম্পদ বৃদ্ধি করতে সক্ষম হয়েছি।

কোম্পানির সব গুরুত্বপূর্ণ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তকে গুরুত্বসহকারে বাস্তবায়ন করা হয়েছে। পরিচালনা পর্ষদ সব ক্ষেত্রে সমস্যা সমাধানের জন্য পর্ষদ সভাকেই বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানির সব কার্যক্রমের জবাবদিহিতা নিশ্চিত করা হচ্ছে। কোম্পানির ব্যবসাকে আরো বড় এবং যুগোপযোগী করার জন্য বিভিন্ন ধরনের প্রকল্প বাস্তবায়নের চিন্তা করছি।

৯ম বার্ষিক সাধারণ সভা আয়োজনের জন্য সংশ্লিষ্ট সবাইকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। পুনরায় কৃতজ্ঞতা প্রকাশ করছি সব শেয়ারহোল্ডার, পরিচালকবৃন্দ, ডিস্ট্রিবিউটর ও কোম্পানির কর্মকর্তা-কর্মচারীবৃন্দের প্রতি যারা আমাদের সমৃদ্ধ করেছেন।

পরিশেষে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমি ডেসটিনি পরিবারের সবার সুস্বাস্থ্য, উজ্জ্বল ভবিষ্যৎ এবং বাংলাদেশের সমৃদ্ধি কামনা করছি।

মোহাম্মদ হোসাইন
চেয়ারম্যান, ডেসটিনি-২০০০ লিমিটেড

২৩ ডিসেম্বর ২০০৯

### ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য



মোহাম্মদ রফিকুল আমীন
ব্যবস্থাপনা পরিচালক

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডার, চেয়ারম্যান, পরিচালক ও কোম্পানির কর্মকর্তাবৃন্দ
আসসালামুআলাইকুম

ডেসটিনি-২০০০ লিমিটেডের ৯ম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০০৮-২০০৯ অর্থবছরে কোম্পানি ও আমার নিজের পক্ষ থেকে আপনাদের সবাইকে সুস্বাগতম ও অভিনন্দন। আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি পরম করুণাময়ের নিকট, যাঁর কৃপায় আমাদের সকলের ঐকান্তিক প্রচেষ্টার ধারাবাহিকতার এই লগ্নে আজ আমরা এই ৯ম বার্ষিক সাধারণ সভা করতে যাচ্ছি। প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত কোম্পানির গঠন, প্রসারতা, সমস্যা ও সমাধান এবং সোনালি সম্ভাবনাকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে আপনাদের সক্রিয় অংশগ্রহণ, গঠনমূলক সমালোচনা, পরামর্শ ও দিকনির্দেশনা নিঃসন্দেহে কোম্পানিকে আরো সমৃদ্ধ করেছে, আর আমরা সকলেই খুঁজে পেয়েছি সামনে এগিয়ে যাওয়ার সাহস ও শক্তি।

**সম্মানিত শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ ঃ** ২০০০ সালের ১৪ ডিসেম্বর যে ক্ষুদ্র পরিসরে, হাজারো বাধা-বিপত্তি অতিক্রম করে ডেসটিনি-২০০০ লিমিটেড যাত্রা শুরু করেছিল, আজ তা ভিন্ন মাত্রা ও আঙ্গিকে অন্যরকম উচ্চতায় একটি সাফল্যগাথা সম্ভাবনার নাম। যা সম্ভব হয়েছে কেবলমাত্র আপনাদের সহযোগিতা আর সক্রিয়তায়। ডেসটিনি আজ বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার একটি ঈর্ষণীয় *Multilevel Marketing Company*-র নাম। যেখানে এ পর্যন্ত ক্রেতা-পরিবেশক হয়েছেন সমাজের বিভিন্ন স্তরের ২৫ (পঁচিশ) লক্ষাধিক মানুষ অর্থাৎ প্রায় ২.৫ মিলিয়ন ক্রেতা-পরিবেশক। শুধু তাই নয়, বিশ্বব্যাপী প্রবাসী বাংলাদেশিরা প্রবাসে বসে ডেসটিনির ক্রেতা-পরিবেশক হচ্ছেন এবং আরো আগ্রহ দেখিয়ে যাচ্ছেন প্রতিনিয়ত। যৌথভাবে ব্যবসা করার আগ্রহ প্রকাশ করেছেন চীন, মালয়েশিয়া, থাইল্যান্ড, সুইজারল্যান্ড, তুরস্ক, আমেরিকাসহ বিভিন্ন দেশের স্বনামধন্য ব্যবসায়ী ও ব্যবসা প্রতিষ্ঠানসমূহ। বিগত বছরের তুলনায় এখন নতুন নতুন ডেসটিনি পণ্যের নাম ও মান দেশব্যাপী মানুষের আস্থা অর্জন করে চলেছে। দিন দিন বৃদ্ধি পাচ্ছে ডেসটিনির পণ্য ও ক্রেতাদের চাহিদা। যার সঙ্গে সঙ্গে কোম্পানির পরিসরও দিন দিন বাড়ছে। ডেসটিনি আজ ক্রেতা, পরিবেশক, কর্মকর্তা-কর্মচারীসহ অগণিত শুভাকাঙ্ক্ষীর নির্ভরতার প্রতীক একটি *Multilevel Marketing Company*-র নাম।

**সম্মানিত শেয়ারহোল্ডার ঃ** গত বার্ষিক সাধারণ সভায় বর্তমান অর্থবছর সম্পর্কে যে সকল সম্ভাবনা ও অঙ্গীকারের কথা বলা হয়েছিল তা আমরা যথাযথভাবে বাস্তবায়ন করতে সক্ষম হয়েছি। এছাড়া কোম্পানির প্রশাসনিক, বিপণন, মানবসম্পদ, আইটি, প্রশিক্ষণ, জনসংযোগ, ক্রেতা-পরিবেশক সম্পর্ক উন্নয়ন ইত্যাদি বিভাগে যথেষ্ট উন্নয়নমূলক পরিবর্তনসহ পরিবর্ধন করা হয়েছে। গত অর্থবছরের তুলনায় এ বছর বৃদ্ধি করা হয়েছে যথাযথ মানবসম্পদ। বিশেষ করে আইটি বিভাগের আওতায় ব্যবসার স্বচ্ছতা ও গতিশীলতার জন্য সকল প্রশাসনিক, বিপণন ও হিসাব সম্পর্কিত কাজসমূহের ব্যাপক উন্নয়নের জন্য পর্যাপ্ত পরিকল্পনা, উদ্যোগ ও ব্যবস্থা নেয়া হয়েছে। সেইসঙ্গে পণ্যের মান নিয়ন্ত্রণ, মূল্য নির্ধারণ, ক্রেতা চাহিদা ও নির্ধারিত সময়ে সঠিক সরবরাহের জন্য অচিরেই একটি গবেষণা ও উন্নয়ন বিভাগ প্রতিষ্ঠার পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও নিয়মতান্ত্রিকভাবে বৃদ্ধি হয়েছে কর্মকর্তা-কর্মচারীবৃন্দের বেতন ও ভাতা। গত অর্থবছরের পরিকল্পনা অনুযায়ী পরিকল্পিত ও নির্ধারিত সকল বিভাগীয়, আন্তঃবিভাগীয় ও বোর্ড সভাসমূহ যথারীতি যথাসময়ে সুসম্পন্ন হয়েছে। এজন্য আমি কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ, কর্মকর্তা ও পরিচালকবৃন্দকে ধন্যবাদ জানাই।

**সম্মানিত শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ ঃ** গত অর্থবছরে কোম্পানির পণ্য নির্বাচনে আমরা যে সিদ্ধান্ত নিয়েছিলাম তা সঠিক ছিল এজন্য যে, তার প্রমাণ আমরা ইতিমধ্যে পেতে শুরু করেছি। কোম্পানির নির্বাচিত পণ্যের চাহিদা ও বিক্রয় বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে আমার সঙ্গে আপনারা সবাই নিশ্চয়ই একমত পোষণ করবেন। গত অর্থবছরে পূর্বনির্ধারিত পণ্যসমূহের সঙ্গে সম্প্রতি যোগ হয়েছে Body Fitness Machine, Videocon Products, Training Package, Kids Edutainment Package. এছাড়াও অল্প কিছুদিনের মধ্যে নতুন পণ্য হিসেবে যোগ হতে যাচ্ছে D2K Laundry Powder, Wrist Mobile Phone Watch, Portable Mini Projector. সুইজারল্যান্ডের বিশ্ববিখ্যাত *SkinCode* কোম্পানির কসমেটিকস *AGE Lab* যা দেশের সমসাময়িক কসমেটিস পণ্যের মধ্যে অন্যতম বলে বিবেচিত হবে। শুধু তাই নয়, 'প্রশিক্ষণ আর বিপণনের ক্ষেত্রে সমন্বয় সাধন' ছিল সময়ের সঠিক সিদ্ধান্ত এবং তা প্রতিনিয়ত আমাদের কাছে প্রমাণিত। তাই কোম্পানির প্রশিক্ষণ কর্মসূচিকে *Destiny Sales Training Center* -র মাধ্যমে সঠিকভাবে পরিচালনা করতে পারলে অবশ্যই আমাদের ব্যবসায়িক সফলতা আরো আসবে।

এছাড়াও স্থানীয় পর্যায়ের কোম্পানির সকল অফিস কোম্পানি কর্তৃক চালানোর সিদ্ধান্ত ও এর কার্যকারিতা বাস্তবায়নে কোম্পানি দ্রুত সিদ্ধান্ত গ্রহণ বাস্তবায়িত হতে শুরু করেছে। প্রত্যেক জেলা ও থানা অফিসকে গুরুত্ব দিয়ে দেশব্যাপী ক্রেতা-পরিবেশকদের সুবিধার্থে ডিস্ট্রিবিউটরশিপ তথা জয়েনিং সিস্টেমকে আইটি ব্যবস্থাপনার মাধ্যমে অনলাইন জয়েনিং-এর মাধ্যমে কার্যকরী করা হয়েছে। এজন্য অনলাইন-এর মাধ্যমে জয়েনিং-এর জন্য কার্যকরী করা হয়েছে ডিস্ট্রিবিউটর অনলাইন রেজিস্ট্রেশন এজেন্ট (DORA) এবং *Branch Office Authorization Officer (BRAO)* যার কারণে শুধু মুহূর্তের মধ্যেই বাংলাদেশই নয়, পৃথিবীর যে কোনো প্রান্তে বসে বাংলাদেশি নাগরিকগণ কোম্পানির ক্রেতা-পরিবেশক হতে পারবেন। এই পদ্ধতি সময় এবং অর্থের ব্যাপক সাশ্রয়ী বলে প্রমাণিত হয়েছে। উক্ত ব্যবস্থাপনার আওতায় ইতিমধ্যে স্থানীয় অফিসগুলোতে তথ্য প্রদান ও গ্রাহক সেবার মান আরো বাড়ানো হয়েছে। নিয়োগ দেয়া হয়েছে সুপ্রশিক্ষিত ও পরীক্ষিত মানবসম্পদ ও প্রতিষ্ঠিত করা হয়েছে আধুনিক প্রযুক্তিগত ব্যবসায়িক পরিবেশ। এ জন্য কোম্পানির যোগ্য ও দক্ষ লিডারদেরকে নেট অফিসসমূহ পরিচালনার আওতায় এনে দায়িত্বভার প্রদান করা হয়েছে। এছাড়াও দেশের ছয়টি বিভাগে ৬টি ল্যান্ডমার্ক টাওয়ার প্রতিষ্ঠার পরিকল্পনা ও কার্যক্রম হাতে নেয়া হয়েছে। আপনারা জানেন যে ইতিমধ্যে খুলনা বিভাগীয় শহরের গুরুত্বপূর্ণ স্থানে কোম্পানি ৩৪ কাঠা জমি ক্রয় করে তার ওপর ২৫ তলাবিশিষ্ট ভবন নির্মাণের প্রাথমিক পর্যায়ের কাজ আরম্ভ করে দিয়েছে। বরিশাল জেলা শহরে প্রায় ১.৫ একর জায়গা ক্রয় করে সেখানেও ২৫ তলা ভবন নির্মাণের প্ল্যান কর্তৃপক্ষ অনুমোদন দিয়েছে।

এছাড়াও অন্যান্য বিভাগীয় শহরের গুরুত্বপূর্ণ স্থানেও এজন্য পর্যায়ক্রমে জমি ক্রয় করা হচ্ছে এবং এ প্রক্রিয়া অব্যাহত থাকবে যাতে প্রশাসনিক কার্যক্রমের জন্য দেশব্যাপী একটি দক্ষ প্রশাসনিক ও বিপণন ব্যবস্থা পদ্ধতি গড়ে তোলা যায়। এছাড়াও সুষ্ঠুভাবে ও দ্রুত পণ্য সরবরাহের নিমিত্তে (DCD) Divisional Channel of Distribution, IRDC (Institutional Regional Distribution Center) I RDC (Regional Distribution Center) সেন্টারের পদ্ধতি ও কাজ যথাযথভাবে ফলপ্রসূ হচ্ছে।

**সুপ্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ ঃ** এক সময়ের কৃষিপ্রধান দেশ বাংলাদেশ আবার কৃষি প্রধান হবে, এর কোনো বিকল্প নেই। কৃষক বাঁচলে দেশ বাঁচবে, কৃষি হলে মানুষ বাঁচবে। হয়তো সময়ের ব্যবধানে বাংলাদেশ হতে যাচ্ছে প্রযুক্তিনির্ভর কৃষি প্রধান দেশ। কৃষিতে অর্থকরী বিনিয়োগ ও বহুমুখী সম্ভাব্যতার বাস্তবতায় কোম্পানি কিছু উদ্যোগ নিয়েছে। স্থানীয় একটি কোম্পানির সঙ্গে চুক্তিসাপেক্ষে উন্নত জাতের হাইব্রিড ধানের বীজ যৌথ লাভের ভিত্তিতে কৃষকদের মধ্যে বণ্টনপূর্বক পরীক্ষামূলক সফল উৎপাদনে কাজ করবে ডেসটিনি। তৃণমূল পর্যায়ে কৃষকদের যে সব নিজস্ব জমিতে বর্ষা বা গ্রীষ্ম মৌসুমে ফসল হয় না সেখানে কৃষকদের প্রযুক্তিগতভাবে উৎসাহিত করে, প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে কৌশলগতভাবে জমির সঠিক ব্যবহার করে দ্বিগুণ ফসল চাষের উদ্যোগ নেবে ডেসটিনি। এ জন্য ইতিমধ্যে ৪০ হাজার কেজি হাইব্রিড ধানের বীজ আমদানির ব্যবস্থা নেয়া হয়েছে। যা অতি সম্প্রতি আগামী মৌসুমে কৃষকদের মধ্যে পরীক্ষামূলকভাবে বিতরণ করে প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকরী করে পরবর্তীতে কৃষিতে দেশব্যাপী বৃহৎ পরিকল্পনা ও বিনিয়োগের মাধ্যমে যথাযথ ব্যবস্থা নেয়া হবে। কৃষি ছাড়াও বিদ্যুৎ ও পানি এই মূল্যবান খাত সমূহে পরিকল্পিত বিনিয়োগ এখন সময়ের দাবি। যে সকল পণ্য মানুষ ও সমাজের কল্যাণে কার্যকর শুধুমাত্র সেই সকল পণ্যে বিনিয়োগ ও বিপণনই ডেসটিনি-২০০০ লিমিটেডের লক্ষ্য। ইতিমধ্যে একটি অত্যাধুনিক প্রিন্টিং প্রেস স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে কোম্পানির প্রয়োজনীয় কাজসমূহ ছাড়াও বাণিজ্যিকভাবে কার্যক্রম চালু রয়েছে।

**প্রিয় শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ ঃ** উক্ত বিষয়গুলোর সম্ভাব্যতার কথা বিবেচনা করে তথ্য ও পরিসংখ্যান বিশ্লেষণে ডেসটিনি-২০০০ লিমিটেড ইনশাল্লাহ ২০১২ সালের মধ্যে ১০টি বিভিন্ন আঙ্গিকের শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলবে। এই অঙ্গীকার বাস্তবায়নে আপনাদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে। গুণগতমানের পণ্যসামগ্রী বাজারজাত সবসময়ই মানুষের আস্থা অর্জন করেছে এবং ইনশাল্লাহ তা করে যাবে ডেসটিনি।

মানুষের ক্রয়ক্ষমতার বৃদ্ধি যেন মানুষের অবস্থানকে বৈষম্যের বিপাক বা অভাব অনটনের কারণ না হয়ে দাঁড়ায় তার জন্য ডেসটিনি তার নিজস্ব বাজারজাতকারী পণ্যসমূহের নিশ্চিত বিপণন ও সেবার মানকে একধাপ এগিয়ে নিয়ে যাবে এবং যেসব পণ্যের মূল্য ১০,০০০ টাকার বেশি সে সব পণ্য ক্রয়ে Hire Purchase System চালু করা হবে। এ ব্যাপারে কোম্পানির সহযোগী প্রতিষ্ঠান ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি থেকে পণ্য ক্রয়ের নিমিত্তে সহজ পরিশোধযোগ্য ঋণ সহায়তা প্রদানের পদ্ধতি চালু করা হচ্ছে।

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ঃ** গত অর্থবছরে কোম্পানির লক্ষ্য, উদ্দেশ্য ও কর্মসূচি সম্পর্কে আপনারা যা অবহিত হয়েছিলেন তা আজ সফল বাস্তবতা। ডেসটিনি ট্রি প্ল্যানটেশন লিমিটেডের সঙ্গে যৌথভাবে পরিবেশবান্ধব 'ট্রি প্ল্যান্টেশন প্রজেক্ট' আজ দেশব্যাপী একটি সুপরিচিত, গ্রহণযোগ্য অর্থ আয়করী প্রকল্প। এই প্রকল্পের সম্ভাব্যতা, সফলতার ব্যাপ্তি অনেক বিশাল। যেখানে আপনারা আমার পাশে থাকলে শুধুমাত্র দেশে নয় আন্তর্জাতিকভাবেও ডেসটিনি-২০০০ লিমিটেড স্বীকৃত হওয়ার সেই সোনালি দিন আর বেশি দূরে নয়। ইতিমধ্যে Destiny Tree Plantation প্রজেক্ট-এর জন্য আলাদা আলাদা প্রশাসনিক অফিসসহ অবকাঠামোগত উন্নয়নের যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে। অল্প কিছুদিনের মধ্যে *Destiny Agro Industries* প্রজেক্টের ব্যাপক কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নের সময় ঘোষণা জানতে পারবেন। এছাড়াও প্রতিনিয়ত আন্তর্জাতিক বাজারে আমাদের দেশের মানুষের সামর্থ্য ও জীবনযাত্রার যথাযথ প্রয়োজনীয় কল্যাণকর পণ্যসমূহের ওপর গুরুত্বারোপ করে পণ্য অনুসন্ধান ও বিপণন প্রক্রিয়ার প্রচেষ্টা অব্যাহত আছে।

**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ ঃ** সমাজ ও দেশের প্রতি আমাদের যে দায়িত্ব রয়েছে তা শুধু দায়িত্বই নয়, বরং ব্যক্তিসমষ্টি ও প্রতিষ্ঠান হিসেবে রয়েছে আমাদের সামাজিক দায়বদ্ধতা। আর এই দায়বদ্ধতার জন্য ভালো কাজের স্বীকৃতি প্রদান করা ও দুস্থদের পাশে দাঁড়ানো আমাদের সকলের কর্তব্য। এজন্য গঠিত হয়েছে একটি 'ডেসটিনি ফাউন্ডেশন'। এছাড়া আরো অনেকেই এ প্রতিষ্ঠানের বিভিন্ন অবস্থানে দায়িত্ব পালন করবেন। ডেসটিনি ফাউন্ডেশনের মাধ্যমে আমরা অন্নহীনের মুখে অন্ন তুলে দেব, বস্ত্র ও চিকিৎসাহীনদের সেবা প্রদান করব। শিক্ষা বিস্তারে কাজ করে আলোকিত সমাজ গড়ব। এই হোক আমাদের আজকের অঙ্গীকার। ডেসটিনি ফাউন্ডেশন যেন নামসর্বস্ব কোনো প্রতিষ্ঠান না হয় তার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা ও সেবাপ্রদানের মাধ্যমে আমরা সবাই মিলে দেশের অসহায় মানুষের জন্য কাজ করে যাব ইনশাল্লাহ। আপনারা জানেন বিগত দিনে বাংলাদেশের প্রত্যেকটি প্রাকৃতিক দুর্যোগে ডেসটিনি তার সামর্থ্য অনুযায়ী অসহায়, পীড়িত মানুষের প্রতি সাহায্যের হাত বাড়িয়েছিল। ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে। গত বছর শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি তথা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও নাট্য আন্দোলন, গবেষণা পত্রিকা ছাড়াও বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানসমূহে সর্বাধিক গুরুত্বসহকারে সহযোগিতা অব্যাহত ছিল। ভবিষ্যতে শিক্ষা, সংস্কৃতি, সমাজ সচেতনতা ও পরিবেশ রক্ষা বিষয়ক কার্যক্রমে আমাদের সহযোগিতা অব্যাহত থাকবে।

**সম্মানিত শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ ঃ** গত বার্ষিক সাধারণ সভায় বলেছিলাম আপনাদের আন্তরিক সহযোগিতা থাকলে 'ডেসটিনি-২০০০ লিমিটেড' হবে একমাত্র শক্তিশালী বাংলাদেশি বাণিজ্যিক প্রতিষ্ঠান, যেখান থেকে সৃষ্টি হবে লাখ লাখ মানুষের কর্মসংস্থান। ইনশাল্লাহ্ আপনাদের সহযোগিতায় 'ডেসটিনি গ্রুপ'-এর অবকাঠামোগত উন্নয়নমূলক কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। দৃঢ় অর্থনৈতিক বুনিয়াদের মাধ্যমে ডেসটিনি গ্রুপ-এর স্বপ্ন হবে ২০১২ সালের মধ্যে অন্তত ১ কোটি শিক্ষিত, অর্ধশিক্ষিত, বেকার যুবক ও যুব মহিলার সংখ্যাকে প্রশিক্ষণের মাধ্যমে শক্তিতে রূপান্তরিত করে প্রয়োজনীয় কর্মসংস্থান সৃষ্টির মধ্য দিয়ে বিনির্মাণ হবে 'বেকারমুক্ত বাংলাদেশ'। কোম্পানির পরিসর বৃদ্ধিতে মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ, ব্যবস্থাপনা ও জবাবদিহিতার নীতি, সকল বিভাগকে আইটির আওতায় আনয়ন ছাড়াও বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নমূলক ব্যাপক উদ্যোগ নেয়া হয়েছে। আশা করি আগামী বছর হবে আমাদের আরো উন্নয়ন, উৎপাদন ও অর্জনের বছর। এ লক্ষ্যে আপনাদের সকলের সহযোগিতা প্রত্যাশা করি আন্তরিকভাবে।

**সহযোদ্ধা শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ ঃ** বাঙালির হাজার বছরের স্বপ্ন, বীর মুক্তিযোদ্ধা তথা স্বাধীনতা যুদ্ধের বীর শহীদদের রক্তের বিনিময়ে অর্জিত এই বাংলাদেশ। এদেশের জনসংখ্যাকে শক্তিতে পরিণত করে আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়তে অন্যতম যে প্রতিষ্ঠানটি ২০০০ সালে স্বপ্ন দেখে কাজ আরম্ভ করেছিল তার নাম ডেসটিনি-২০০০ লিমিটেড। উন্নত বিশ্বের প্রবর্তিত Direct Selling System বা Multi Level Marketing System-কে মডেল করে বেকারমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে ডেসটিনির স্বপ্ন দ্রষ্টা আমার সকল সহযোগী ও ডেসটিনির সকল ক্রেতা-পরিবেশক ও বাংলাদেশের সকল মানুষের প্রতি আমি ও আমার কোম্পানির পক্ষ থেকে কোম্পানির বর্তমান অবস্থার জন্য বিনীত কৃতজ্ঞতা প্রকাশ করছি।

দেশের শিক্ষিত, অর্ধশিক্ষিত ও বেকার জনগোষ্ঠীকে সচেতন সুনাগরিকের গুণাবলি অর্জনের দীক্ষা, আত্মবিশ্বাসের উচ্চতাকে অটুট রেখে, সেরা বিপণনের প্রশিক্ষণ প্রদান করে ব্যক্তি, সমাজ তথা জাতিকে অর্থনৈতিক মুক্তির সংগ্রামে কাঁধে কাঁধ মিলিয়ে বেকারমুক্ত বাংলাদেশ গড়তে ব্যক্তির আত্মনির্ভরশীলতাকে নিশ্চিত করা এবং দেশকে আলোকিত করার পূর্বশর্ত হিসেবে আলোকিত ব্যক্তি ও সমাজে বিশ্বাস করে ডেসটিনি। সুশৃঙ্খল ব্যবস্থাপনা ও আনুগত্যশীল নেতৃত্বের ওপর বিশ্বাস রেখে দৃঢ়চিত্তে কাজ করলে অবশ্যই আমরা সবাই মিলে দেশের মানুষের জন্য কল্যাণকর কিছু করতে পারব ইনশাল্লাহ্। এ জন্য আমাদের সকলকে দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে, সামাজিক ও নাগরিক দায়িত্ব পালনে সচেতন হতে হবে। নিয়মিত কর প্রদান করতে হবে এবং আইনের প্রতি শ্রদ্ধা রেখে সুনাগরিকের জীবনযাপন করতে পারবে। 'বার্ষিক সাধারণ সভা' এটি শুধু একটি নিয়মতান্ত্রিক পদ্ধতিগত জবাবদিহিতার অনুষ্ঠান নয়, বরং এটি একটি ধারাবাহিক নিয়মতান্ত্রিক প্রক্রিয়া। যার মাধ্যমে বিগত দিনের সামগ্রিক অর্জনকে স্বীকৃতি প্রদান করে, বিচার বিশ্লেষণ করে সংযোজন বা বিয়োজন, গ্রহণ বা বর্জনের মাধ্যমে ভবিষ্যতের রূপরেখা প্রণয়ন করা হয়। আগামীতেও এই ধারাবাহিকতা অক্ষুণ্ন থাকবে। বিগত দিনের ভুল থেকে শিক্ষাগ্রহণ করে প্রদীপ্ত অঙ্গীকারে চলার পথে আপনারা সবাই আমার তথা কোম্পানির পাশে থাকবেন এবং এ বিশ্বাসের প্রতীক আপনারা সবাই। ইনশাল্লাহ নিশ্চয়ই আমরা অতীত ও বর্তমানের বিশ্লেষণে সমৃদ্ধির পথে এগিয়ে চলব। আমার এই প্রত্যাশা আপনাদের সবার কাছে। পরিশেষে আজকের এই ৯ম বার্ষিক সাধারণ সভা আয়োজনের জন্য বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি সকল পরিচালক ছাড়াও বিশেষ করে পরিচালক-অর্থ, পরিচালক-প্রশাসন, উপপরিচালক-হিসাব ও অর্থ, মহাব্যবস্থাপক-মার্কেটিং, সেলস অ্যান্ড অপারেশন্স, কোম্পানি সেক্রেটারিসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে। কৃতজ্ঞতা প্রকাশ করছি সকল ক্রেতা-পরিবেশকের প্রতি। পুনরায় কৃতজ্ঞতা প্রকাশ করছি সকল শেয়ারহোল্ডার, ডিস্ট্রিবিউটর ও বাংলাদেশের সকল মানুষের প্রতি। আশা করছি ঘোষিত লভ্যাংশ, বার্ষিক প্রতিবেদন ও অর্থ প্রতিবেদনকে সকল শেয়ারহোল্ডার স্বাগত জানাবেন। ডেসটিনি পরিবারের সকলের সুস্বাস্থ্য কামনা করে ৯ম বার্ষিক সাধারণ সভার বক্তব্য এখানেই শেষ করছি।

ইনশাল্লাহ বেকারমুক্ত আলোকিত বাংলাদেশ আমরা গড়ব।
সকলের আগামীর দিনগুলো হোক সুন্দর ও সম্ভাবনাময়।

মোহাম্মদ রফিকুল আমীন
ব্যবস্থাপনা পরিচালক, ডেসটিনি-২০০০ লিমিটেড

২৩ ডিসেম্বর ২০০৯